বাংলাদেশ প্রেস তথ্য ও পরিসংখ্যান সংস্থা
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

তারিখ 3 MAR 1988
পৃষ্ঠা 1 কলাম 7

15

# খুলনা ভার্সিটির ভিত্তি স্থাপন : এরশাদ অভিনন্দিত

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ গত নয়ই মার্চ গোল্লামারীতে খুলনা বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করায় রোববার পাঁচজন সংসদ সদস্য এবং বৃহত্তর খুলনার বিভিন্ন স্তরের জনপ্রতিনিধিরা পৃথক পৃথক

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## অভিনন্দিত

(১ম পৃঃ পর)

বিবৃতিতে তাকে অভিনন্দন জানিয়েছেন। খবর বাসসর।

বিবৃতিতে স্বাক্ষরকারীদের মধ্যে রয়েছেন: আলহাজ শেখ আবুল হোসেন এমপি ও চেয়ারম্যান সাতক্ষীরা জেলা পরিষদ, জনাব হাবিবুর রহমান এমপি, এাডভোকেট আবদুর রউফ এডভোকেট আবদুর রহিম এমপি ও চেয়ারম্যান বাগেরহাট জেলা পরিষদ, শেখ ওাহদুল ইসলাম এমপি জনাব আফতাবউদ্দিন হাওলাদার এমপি, জনাব লতিফুর রহমান, সভাপতি, বাগেরহাট বার সমিতি, খান আমজাদ আলী, সাধারণ সম্পাদক, বার কাউন্সিল এবং মোঃ তালিম, সভাপতি বাগেরহাট বণিক সমিতি।

জনপ্রতিনিধিরা খুলনার জনসাধারণের পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। তারা বলেন, প্রেসিডেন্ট এরশাদ বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করে রাজনৈতিক দূরদর্শিতার পরিচয় দিয়েছেন।

দেশে উচ্চ শিক্ষা প্রসারে তার দৃঢ় প্রচেষ্টা এর মধ্যে দিয়ে প্রতিফলিত হয়েছে বলে তারা উল্লেখ করেন।